

শাবির ফের উত্তপ্ত
প্রশাসন ভবনে
তালা দিয়েছে
শিক্ষার্থীরা

সিঙ্গেট অফিস

সিঙ্গেট শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের প্রধানের পদত্যাগ দাবিতে আবারও আন্দোলনে নেমেছে শিক্ষার্থীরা। গতকাল ইংরেজি বিভাগের প্রধান ড. আতিউল্লাহ'র পদত্যাগ করার কথা ছিল। পদত্যাগ না করার ফুরু শিক্ষার্থীরা সোয়া ১১টায় বিশ্ববিদ্যালয়ের প্রশাসনিক ভবনের প্রধান ফটকে তালা তুলিয়ে ফটকের সামনে অবস্থান নেয়। এ অবস্থায় শাবির ভারপ্রাপ্ত উপাচার্য ইলিয়াসউদ্দিন বিশ্বাস, রেজিস্ট্রার ইশফাউল হক চৌধুরীসহ প্রায় শতাধিক কর্মকর্তা-কর্মচারী আটকা পড়েন। বিকেল সাড়ে ৪টা পর্যন্ত বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে এ অবস্থা বিরাজমান ছিল। এর আগে দুপুর ১২টায় শাবির প্রচর হিমতৌ শেখর রায় শিক্ষার্থীদের আন্দোলন প্রত্যাহার করে ভারপ্রাপ্ত উপাচার্য'র সঙ্গে এ বিষয়ে আলোচনায় বসার আহ্বান জানান। কিন্তু শিক্ষার্থীরা প্রচরের আহ্বান সাড়া না দিয়ে আতিউল্লাহ পদত্যাগ না করা পর্যন্ত আন্দোলন চালিয়ে যাওয়ার ঘোষণা দেন। প্রশাসনিক পৃষ্ঠা: ১৫ ক: ০

প্রশাসন: ভবনে

(১ম পৃষ্ঠার পর)

বিশ্ববিদ্যালয় সূত্র জানায়, দীর্ঘ ২০ দিন ধরে আন্দোলন অব্যাহত রয়েছে। গতকাল ভারপ্রাপ্ত উপাচার্য দুই নফা শিক্ষার্থীদের সঙ্গে বৈঠক করেন। এ সময় ইংরেজি বিভাগের প্রধান আতিউল্লাহ আজ পদত্যাগ করবেন বলে জানান। এ সময় শিক্ষার্থীরা ভারপ্রাপ্ত উপাচার্যকে জানিয়ে দেন, আতিউল্লাহ পদত্যাগ না করা পর্যন্ত তারা আন্দোলন কর্মসূচি অব্যাহত রাখবেন।